



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ০৭ মার্চ, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ভাষণ স্মরণে আজ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে দিবসটি উদযাপিত হয়। এ উপলক্ষে সকাল ৮ টা থেকে বঙ্গবন্ধু চত্বরে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রচার করা হয়। সকাল ৯.২০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ-এর নেতৃত্বে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পরে ৯.৩০ মিনিটে বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কর্মকর্তা কর্মচারীদের সমন্বয়ে এক বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালিটি বঙ্গবন্ধু চত্বর থেকে ক্যাম্পাস প্রদক্ষিণ করে বঙ্গবন্ধু চত্বর ফিরে এসে শেষ হয়।

র্যালি শেষে সমাবেশে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন বলেন, বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ বিশ্বের ইতিহাসে এক অনবদ্য দলিল। এই ভাষণের মাধ্যমেই বাঙালি জাতি স্বাধীনতা যুদ্ধের জন্য উদ্বুদ্ধ হয় এবং যুদ্ধে ঝাঁপিয়ে পড়ার প্রস্তুতি নেয়। এজন্যই আজ আমরা একটি স্বাধীন জাতি হিসেবে বিশ্বে মাথা উঁচু করে দাঁড়াতে পেরেছি।

শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলামের সঞ্চালনায় সমাবেশে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. আবদুল গনি, প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমদসহ বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, দপ্তর প্রধান ও ছাত্র-সংগঠনের ছাত্র-ছাত্রীবৃন্দ।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার